আমাদের সূর্যোদয় পত্রিকার প্রকাশক ও সম্পাদক আবুল কাসেম বহি:স্কার

প্রেস ক্লাবের বিরুদ্ধে ষড়যন্ত্র ও শৃংখলা ভঙ্গসহ বিভিন্ন অভিযোগে গাংনী উপজেলা প্রেস ক্লাব থেকে আজীবনের জন্য বহি:স্কার করা হয়েছে আবুল কাসেম অনুরাগীকে।

আবুল কাসেম অনুরাগী গাংনী উপজেলা প্রেস ক্লাবের সদস্য ও দৈনিক আমাদের সূর্যোদয় পত্রিকার সম্পাদক ও প্রকাশক।
গতকাল দুপুর ১২ টার সময় গাংনী উপজেলা প্রেস ক্লাবের সাধারণ সভায় সর্বসম্মতিক্রমে ও সকল সদস্যদের মতামতের ভিত্তিতে তাকে বহি:স্কার করা হয়। এসময় তার বিরুদ্ধে অভিযোগ ওঠে ইতোমধ্যে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অসৎ উদ্দেশ্যে পত্রিকার ভয়ভীতি প্রদর্শন করছেন আবুল কাসেম অনুরাগী। আবুল কাসেম অনুরাগীকে বহি:স্কারের পর সাথে সাথে একটি রেজুলেশন করা হয়েছে।

গাংনী উপজেলা প্রেস ক্লাবের সভাপতি এমএ লিংকনের সভাপতিত্বে সাধারণ সভায় বক্তব্য রাখেন, সাধারণ সম্পাদক এমএন পাভেল, প্রেস ক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক জুলফিকার আলী কানন, সিনিয়র সাংবাদিক ও সাবেক সহ-সভাপতি সাহাজুল সাজু, হারুন অর রশিদ রবি, লিটন মাহমুদ, রাকিবুল ইসলাম কবি, মাসুদ রানা, মিয়াদুল ইসলাম, রাসেল আহমেদ, রকি প্রমুখ।

আবুল কাসেম অনুরাগীকে বহি:স্কার প্রসঙ্গে প্রেস ক্লাবের সভাপতি এম এ লিংকন বলেন, প্রেস ক্লাবের বিরুদ্ধে ষড়যন্ত্র, শৃংখলা ভঙ্গসহ নানা অপরাধ প্রমানিত হওয়ায় প্রেস ক্লাবের সকল সদস্যদের তাৎক্ষনিক মতামত নিয়ে তাকে চুড়ান্তভাবে বহি:স্কার করা হয়েছে। এনিয়ে একটি রেজুলেশন করা হয়েছে।